দৈনিক সংবাদ

তারিখ ..28.MAR.1988... ...
পৃষ্ঠা... .. ...৮.কলাম..২... ...



## রমজান মাসে বিশ্ববিদ্যালয় খোলা রাখার আবেদন

॥ এক ॥

আসছে রমজান মাস। গতানুগতিকভাবেই রমজান মাসে দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকে। তবে অন্যসব শিক্ষা প্রতিষ্ঠানের কথা না বলে, আমি শুধু বিশ্ববিদ্যালয়ের কথা বলছি। আমাদের দেশের বিশ্ববিদ্যালয়গুলি বছরে বার মাসের মধ্যে নয় মাসই বন্ধ থাকে। ফলে চার বছরের কোর্স শেষ করতে সাত-আট বছর চলে যায়। বিশ্ববিদালয়ে সেশন জট একটি মারাত্মক সমস্যা। আমার জানামতে, বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবর্ষে তিনটি ব্যাচ হয়ে গেছে। যেমন ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষ, যারা এখনও দ্বিতীয় বর্ষে উঠতে পারেনি, তার পর আছে ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষ, যাদের ক্লাস মাত্র শুরু হয়েছে, সর্বকনিষ্ঠ হলো ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষ, যারা এখনও বিশ্ববিদ্যালয়ে ভর্তির অপেক্ষায় আছে। এতসব জটিল সমস্যা থাকা সত্ত্বেও যদি বিশ্ববিদ্যালয়ের বন্ধের হার কমানো না হয় তবে উপরোক্ত সমস্যা আগামী এক যুগেও শেষ হবে কিনা সন্দেহ আছে। রমজান মাসে বাংলাদেশের সমস্ত অফিস-আদালত এবং এমনকি শিক্ষা-প্রতিষ্ঠানের অফিসসমূহ খোলা থাকে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের সেশন জট সম্পর্কিত সমস্যা থাকা সত্ত্বেও ক্লাসসমূহ বন্ধ রেখে ছাত্র-ছাত্রীদের জীবনের মূল্যবান সময় নষ্ট করার কোন মানেই হয় না। বিশ্ববিদ্যালয়ের ছুটির তালিকা যতদূর সম্ভব কমানো প্রয়োজন।

আমি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সবিনয় অনুরোধ জানাচ্ছি, আসছে রমজান মাসে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ খোলা রেখে হতভাগা ছাত্র-ছাত্রীদের শিক্ষাজীবন তাড়াতাড়ি শেষ করতে সহায়তা করুন।

মোঃ মহিবুর রহমান,
ঢাকা বিশ্ববিদ্যালয়। মুহসিন হল,

॥ দুই ॥

১৯৮৫ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের পর বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে ১৯৮৮ সালের মার্চে প্রথম বর্ষ (সম্মান)-এর পরীক্ষা দেই। দীর্ঘ ২ বছর ৬ মাস পর প্রথম বর্ষের পরীক্ষা অনুষ্ঠিত হয়। আমাদের পরে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক পাস করা আরেকটি ব্যাচ আছে। এ বৎসর আবার একদল প্রথম বর্ষ (সম্মান)-এর ছাত্র-ছাত্রী ভর্তি হয়ে আসছে। এই অবস্থায় শুধু প্রথম বর্ষের সেশন জট থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক সেশন জটের বাস্তব অবস্থার কিছুটা অনুভব করা যায়। সামনে আসছে পবিত্র রমজান ও গরমের মাসগুলো। বিশ্ববিদ্যালয় এই কারণে হয়ত দীর্ঘ দুই মাসের জন্য বন্ধ হয়ে যাবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে তাই ভেবে দেখতে বলি সেশন জটের কারণে আমাদের শিক্ষাজীবন যখন জটিল আবর্তে ঘুরপাক খাচ্ছে তখন এত দীর্ঘ অবকাশ যাপনের কোন যৌক্তিকতা আছে কি?

এনামুল হাবীব (এনাম)
প্রথম বর্ষ (প্রবীণ) সমাজ বিজ্ঞান
বিভাগ, রাঃ বিঃ।